# *॥ শুরু হতে চলেছে পরিবেশ মেলা ২০২১ ॥*

১৭ তম পরিবেশ মেলা ২০২১ শুরু হতে চলেছে আগামী ২৫ ও ২৬ ডিসেম্বর সবুজের অভিযান, বড়বাজারের মাঠে। আহ্বায়ক পরিবেশ আকাদেমি, সবুজের অভিযান এবং ১৬ টি সহযোগী সংস্থা। এবারকার মেলার বিষয় "মৃত্তিকা"। মেলার শুরুর দিন ২৫ ডিসেম্বর সকাল সাড়ে দশটার সময়ে শুরু হবে "চিন্তন" শিবির। শিবিরে যোগদান করবেন পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে আগত বিভিন্ন স্বেচ্ছাসেবী ও পরিবেশ বিষয়ক সংগঠন। শিবিরে কৃষিজমি সংরক্ষণ ও প্লাস্টিক বর্জন বিষয়ে আলোচনা ও মত-বিনিময় হবে। ঐ দিন বিকেল চারটের সময় মেলার সাংস্কৃতিক মঞ্চে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন হবে। বিগত বছরে গোটা রাজ্য জুড়ে যাঁরা পরিবেশ ও সংশ্লিষ্ট বিষয়গুলিতে উল্লেখযোগ্য অবদান রেখেছেন তাঁদের সম্মাননা প্রদর্শন এবং সম্বর্ধিত করা হবে। উদ্বোধিত হবে পরিবেশ বিষয়ক বিভিন্ন গ্রন্থ, পত্রপত্রিকা ও মেলার স্যুভেনির। এরপর শুরু হবে প্রথিতযশা স্থানীয় শিল্পীও সাংস্কৃতিক সংগঠনেরদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান। দ্বিতীয় ও শেষ দিনে সাংস্কৃতিক অনুষ্ঠান ছাড়াও রয়েছে দুঃস্থ ও মেধাবী ছাত্রছাত্রীদের সাহায্য প্রদান এবং বিশেষ চাহিদা সম্পন্ন মহিলাদের মধ্যে শীতবস্ত্র প্রদানের কর্মসূচি। বসে আঁকো প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের পুরষ্কার বিতরণও করা হবে সেইদিন। দুদিন ধরেই থাকবে পরিবেশবিষয়ক বিভিন্ন চিত্তাকর্ষক স্টল। আপনাদের সকলের জন্য রইলো সাদর আমন্ত্রণ। এই মেলার কোন প্রবেশমূল্য নেই।

বিনীত

ডাঃ কুনাল সেন
কার্যকরী সভাপতি,
পরিবেশ আকাদেমি, চন্দননগর

শিবনাথ লাঙ্গল
সম্পাদক,
সবুজের অভিযান, বড়বাজার, চন্দননগর

চন্দননগর, ২২ ডিসেম্বর, ২০২১